# The Daily Observer




Students and teachers of Dhaka University's Persian Language and Literature department hold a rally on the campus on Thursday to mark the Freshers' Reception and Farewell, with Pro-Vice Chancellor (Administration) Sayema Haque Bidisha attending as the chief guest.

PHOTO: OBSERVER

## বণিক বার্তা

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবার টেডএক্স ইভেন্টের আয়োজন

নিজস্ব প্রতিবেদক ■

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) প্রথমবারের মতো আয়োজন করা হচ্ছে আন্তর্জাতিক প্লাটফর্ম টেডএক্সের ইভেন্ট টেডএক্স ইউনিভার্সিটি অব ঢাকা। 'বাংলাদেশ রিবর্ন: প্রগ্রেস থ্রো পারসপেকটিভ' প্রতিপাদ্যে আগামী ২৫ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে দিনব্যাপী এ অনুষ্ঠানের আয়োজন করা হবে।

'আইডিয়াস ওয়ার্থ স্প্রেডিং'—এ বৈশ্বিক মূলমন্ত্রে অনুপ্রাণিত টেডএক্স ইউনিভার্সিটি অব ঢাকা আয়োজনের লক্ষ্য নতুন প্রজন্মকে সৃজনশীল চিন্তা ও ইতিবাচক পরিবর্তনের অনুপ্রেরণায় উদ্দীপ্ত করা। টেডএক্স ইভেন্টের মিডিয়া পার্টনার বণিক বার্তা।

মূল আলোচনার পাশাপাশি দিনব্যাপী এ আয়োজনে থাকছে ছয়টি সেশন। যেখানে ১৩ জন বক্তা প্রযুক্তি, শিক্ষা, পরিবেশ, উদ্যোক্তা তৈরি, সৃজনশীলতা, সমাজ উন্নয়ন ও সংস্কৃতি বিষয়ে তাদের ভাবনা এবং অভিজ্ঞতা তুলে ধরবেন।

অনুষ্ঠানে দেশের তরুণ উদ্ভাবক, নীতিনির্ধারক, শিল্পী ও পরিবর্তনের পথিকৃৎরা অংশ নেবেন। তাদের অনুপ্রেরণামূলক বক্তব্য ও পরিবেশনা দর্শকদের জন্য হবে চিন্তা ও প্রেরণার নতুন অভিজ্ঞতা।